

‘স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসা এমপিওভুক্তির আদেশ শিগগির’

নিম্নর প্রতিবেদক

১৪ আগস্ট ২০২৫, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক আমাদের মামলা



দেশের স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসা এমপিওভুক্তির আদেশ শিগগির জারি হবে বলে জানিয়েছেন শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সচিব ড. খ. ম কবিরুল ইসলাম। তিনি বলেন, স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসা এমপিওভুক্তির আদেশ শিগগির হয়ে যাবে। এরই মধ্যে প্রধান উপদেষ্টার কাছে এটির সারসংক্ষেপ চলে গেছে। উনি মালেশিয়া থাকার কারণে এখনও স্বাক্ষর হয়নি। হয়তো আগামীকাল (আজ) বৃহস্পতিবার স্বাক্ষর হতে পারে। না হলে আগামী সপ্তাহে হবে।

গতকাল বুধবার বিকালে সচিবালয়ে মন্ত্রণালয়ের সভাকক্ষে শিক্ষা বিটের সাংবাদিকদের সংগঠন এডুকেশন রিপোর্টার্স অ্যাসোসিয়েশন, বাংলাদেশের (ইরাব)-এর নেতৃত্বের সঙ্গে এক মতবিনিময় সভায় এসব কথা বলেন কবিরুল ইসলাম।

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা সংশোধন প্রসঙ্গে কবিরুল ইসলাম বলেন, বেসরকারি মাদ্রাসার জনবল কাঠামো ও এমপিও নীতিমালাটি উপদেষ্টার কাছে পাঠানো হয়েছে। সেখানে থেকে অর্থ মন্ত্রণালয়ে চলে যাবে। অর্থ মন্ত্রণালয় থেকে অনুমোদন হয়ে এলে আমরা এমপিওভুক্ত দেব। মাদ্রাসাগুলোকে আমরা এমপিওভুক্ত করতে চাই। বিশেষ করে যেসব প্রতিষ্ঠান ২০০৬ সালের পূর্বে স্বীকৃতিপ্রাপ্ত কিন্তু আগের সরকার বৈষম্যমূলকভাবে তাদের এমপিও দেয়নি, সেগুলোকে প্রাধান্য দেওয়া হবে।